

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৮-৪৬

কুমারঘাট, ২৭ নভেম্বর, ২০২৩

মশাউলিতে ঐতিহ্যবাহী রাস উৎসবের উদ্বোধন

কুমারঘাটের মশাউলিতে আজ শুরু হয়েছে ঐতিহ্যবাহী রাস উৎসব ২০২৩।  
প্রতি বছরের মতো এবারও মশাউলির ধর্মনগর পাড়ায় লক্ষ্মীকান্ত শর্মা নাটমন্দির ও  
মধুসূদন শর্মা নাট মন্দিরে আয়োজিত হয় রাস উৎসব। তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে  
এবছরও দুটি নাটমন্দিরে উৎসব আয়োজনের জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়েছে।  
মৎস্যমন্ত্রী সুধাংশু দাস লক্ষ্মীকান্ত শর্মা নাটমন্দিরে রাস উৎসবের উদ্বোধন করে বলেন,  
এ ধরনের উৎসব সম্প্রীতিকে সুদৃঢ় করো। এই সম্প্রীতি সমাজকে এগিয়ে নিয়ে যেতেও  
পথ দেখাবে। রাস উৎসব উপলক্ষে সারাদিনব্যাপী রাখাল নৃত্য অনুষ্ঠিত হয়। রাত থেকে  
আগামীকাল সকাল পর্যন্ত আয়োজিত হবে রাধাকৃষ্ণের রাস লীলার সাংস্কৃতিক অনুষ্ঠান।  
উৎসবকে কেন্দ্র করে মেলার আয়োজন করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত  
ছিলেন মশাউলি গ্রাম পঞ্চায়েতের প্রধান নরেন্দ্র নম:, উপপ্রধান স্মৃতি দে, কুমারঘাট  
মহকুমা তথ্য ও সংস্কৃতি দপ্তরের বরিষ্ঠ তথ্য আধিকারিক শুভাশীষ সেনগুপ্ত প্রমুখ।

\*\*\*\*\*